মেহেরপুরে সাবেক ছাত্র দায়িত্বশীলদের নিয়ে দিনব্যাপী শিক্ষাশিবির

মেহেরপুরে সাবেক ছাত্র দায়িত্বশীলদের নিয়ে দিনব্যাপী শিক্ষাশিবির অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৩ অক্টোবর) সকাল ৭টায় জেলা ডিআইটি মিলনায়তনে শুরু হওয়া এ শিক্ষাশিবির বিকেল ৪টা ৪০ মিনিটে শেষ হয়।

শিক্ষাশিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ খন্দকার এ.কে.এম. আলী মুহসিন, অঞ্চল টিমের সদস্য ও কুষ্টিয়া জেলা জামায়াতে ইসলামীর আমির।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. আব্দুল মতিন, যশোর-কুষ্টিয়া অঞ্চল টিমের সদস্য এবং মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মো. নাজমুল হুদা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমির ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য মো. তাজউদ্দীন খান।
দিনব্যাপী এ শিক্ষাশিবিরে সাবেক ছাত্র দায়িত্বশীলরা অংশ নেন। শিক্ষাশিবিরের মাধ্যমে দায়িত্বশীলদের শিক্ষা, প্রশিক্ষণ ও সাংগঠনিক কার্যক্রম নিয়ে অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ তৈরি হয়।

সকাল থেকে শুরু হয়ে বিকেল পর্যন্ত চলা এ কর্মসূচির মধ্য দিয়ে শিক্ষাশিবিরের কার্যক্রম শেষ হয়।

চুয়াডাঙ্গায়

ইসলামী ছাত্রশিবিরের দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের চুয়াডাঙ্গা-২ আসনের দায়িত্বশীল সমাবেশে জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী জেলা আমীর মো: রুহুল আমিন বলেছেন, ইসলামী ছাত্রশিবিরের দিকে চেয়ে আছে বঞ্চিত মানুষরা।

আজ শুক্রবার বেলা ১১ টায় দর্শনা রিসোর্টে ইসলামী ছাত্রশিবিরের চুয়াডাঙ্গা-২ আসন আয়োজিত জেলা দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন, জেলা সভাপতি সাগর আহমেদ।

ইসলামী ছাত্রশিবিরের জেলা সেক্রেটারি হাফেজ আমিরুল ইসলামের পরিচালনায় প্রধান অতিথির বক্তব্যে শিবিরের দায়িত্বশীল সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি উপরোক্ত কথা বলেন। তিনি বলেন, ছাত্রশিবিরকেই দেশের সাধারণ ছাত্রসমাজের দায়িত্ব নিতে হবে। ক্যাম্পাসে মেধার স্বাক্ষর রাখতে হবে। আগামী জাতীয় সংসদ নির্বাচনে দাড়িপাল্লার পক্ষে ছাত্রসমাজকে ঐক্যবদ্ধ করতে হবে। মাদকের ভয়াল ছোবল থেকে ছাত্রদের বাঁচাতে হবে। জামায়াতে ইসলামী সরকার গঠন করলে সমাজ থেকে মাদকের মুলৎপাটন করা হবে। মাদক ব্যবসায়ীদেরকে আইনের আওতায় এনে শাস্তির মুখোমুখি করা হবে। তিনি আরো বলেন, ৭১ সালের পর হতে আজ অবধি রাজনৈতিক ছত্রছায়ায় এক শ্রেণীর দেশ বিরোধী চক্র মাদকের ব্যবসা চালিয়ে এসেছে। তিনি আরও বলেন, আর মাদকের ব্যবসা করতে দেয়া হবেনা।

সমাবেশে বিশেষ অতিধি হিসেবে উপস্থিত ছিলেন, জাময়াতের জেলা নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান জেলা সেক্রেটারি আসাদুজ্জামান, সাবেক সভাপতি মহসিন এমদাদুল্লাহ জামেন। আরো উপস্থিত ছিলেন, সদস্য সচিব মোঃ পারভেজ আলম, প্রচার সম্পাদক মোঃ আব্দুর রহিম, দামুড়দা থানা সভাপতি আল ফাহাদ সবুজ হোসেন, দর্শনা সভাপতি মোঃ লোকমান হোসেন জীবননগর থানা সভাপতি মোহাম্মদ রাসেল হোসেন, জীবননগর পৌর সভাপতি মোঃ আকিমুল ইসলাম, হাসাদা সাংগঠনিক থানা সভাপতি মোঃ আমির হামজা সহ বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন দায়িত্বশীলবৃন্দ ।

[redacted]

জেলা নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান, সেক্রেটারী এ্যাডভোকেট আসাদুজ্জামান, সহকারী সেক্রেটারী ও চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য প্রার্থী এ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

এছাড়াও বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা আমীর নায়েব আলী, দর্শনা সাংগঠনিক থানার আমীর মাওলানা রেজাউল করিম ও জীবননগর উপজেলা আমীর মাওলানা সাজেদুর রহমান, ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি সাগর আহমেদ।

সমাবেশে উপস্থিত ছিলেন, জেলা প্রশিক্ষণ সম্পাদক জিয়াউল হক, জীবননগর উপজেলা জামায়াতের নায়েবে আমীর হাফেজ বিল্লাল হুসাইন ও সাখাওয়াত হোসেন, উপজেলা জামায়াতের সেক্রেটারী মাহফুজুর রহমান, দর্শনা সাংগঠনিক থানার সেক্রেটারী মাহবুবুর রহমান, দামুড়হুদা উপজেলা সেক্রেটারী আবেদ- উদ-দৌলা টিটন, দর্শনা পৌর আমীর সাহিকুল আলম অপু ও সেক্রেটারী দবির উদ্দিন।

গাংনীতে জামায়াতে ইসলামীর দায়িত্বশীল শিক্ষা বৈঠক

গাংনী উপজেলার মড়কা বাজারে জামায়াতে ইসলামীর দায়িত্বশীল শিক্ষা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১ ফেব্রুয়ারি) সকাল থেকে দুপুর পর্যন্ত এই বৈঠক অনুষ্ঠিত হয়।

রাইপুর ইউনিয়ন জামায়াতের সভাপতি হজরত আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত দায়িত্বশীল শিক্ষা বৈঠকে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডাক্তার মোহাম্মদ রবিউল ইসলাম, মেহেরপুর জেলা জামায়াতের সূরা ও কর্মপরিষদ সদস্য সাবেক উপজেলা চেয়ারম্যান নাজমুল হুদা।

রায়পুর ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি মনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত দায়িত্বশীল শিক্ষা বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত

ছিলেন জামায়াতের রুকন শফিউর রহমান। এসময় জামায়াতে ইসলামীর রাইপুর ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী উপস্থিত ছিলেন।